



থানায় ঢুকে তিন পুলিশকে মারধরের অভিযোগে আসলাম গ্রেপ্তার



ছবি: সংগৃহীত

জয়পুরহাটের কালাই থানায় ঢুকে কাঠের বাটাম দিয়ে তিন পুলিশ সদস্যকে মারধরের অভিযোগে আসলাম হোসেন (২৮) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। মঙ্গলবার (২০ অক্টোবর) রাতে উপজেলার থুপসাড়া গ্রামের নিজ বাড়ি থেকে তাকে গ্রেপ্তার করা হয়। বুধবার (২১ অক্টোবর) দুপুরে তাকে আদালতে পাঠানো হয়েছে। গ্রেপ্তার আসলাম হোসেন থুপসাড়া গ্রামের মুনসুর রহমানের ছেলে। এ ঘটনায় কালাই থানার উপপরিদর্শক (এসআই) আহসান হাবিব বাদী হয়ে তার বিরুদ্ধে সরকারি কাজে বাধা এবং হত্যার উদ্দেশ্যে মারধর করে জখম করার অভিযোগে মামলা করেছেন।

মামলার এজাহার অনুযায়ী, সোমবার (১৯ অক্টোবর) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে কালাই থানার কয়েকজন পুলিশ সদস্য দুর্গাপুজার দায়িত্ব পালনে যাওয়ার প্রস্তুতি নিচ্ছিলেন। এ সময় কাঠের বাটাম হাতে থানায় ঢুকেন আসলাম। তার পরিচয় ও আসার কারণ জানতে চাইলে তিনি কনস্টেবল মো. মাহমুদুল হাসান রকিকে বাটাম দিয়ে আঘাত করেন। রকি সরে যাওয়ার চেষ্টা করলেও আঘাতটি তার বাম চোয়ালে লাগে এবং তিনি রক্তাক্ত হন।

এজাহারে আরও বলা হয়, আসলামকে থানামোর চেষ্টা করলে তিনি ড্রাইভার কনস্টেবল মো. মাসুদ রানার পিঠে আঘাত করেন। এ সময় আরেক পুলিশ সদস্য তাকে আটকাতে গেলে ওই সদস্যের ডান হাতের বৃদ্ধাঙ্গুলিতে গুরুতর আঘাত লাগে।

পরে অন্য পুলিশ সদস্যরা এগিয়ে এলে বাটাম ফেলে থানার চত্বর থেকে পালিয়ে যান আসলাম। আহত তিন পুলিশ সদস্যকে কালাই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়।

পুলিশ জানায়, আসলামের বিরুদ্ধে মাদকদ্রব্য ও জুয়া আইনে একাধিক মামলা রয়েছে। কালাই থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইদুল আলম বলেন, এ ঘটনায় মামলা হওয়ার পর মঙ্গলবার রাতে অভিযান চালিয়ে আসলামকে গ্রেপ্তার করা হয়। বুধবার তাকে আদালতে পাঠানো হয়েছে।